গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা ।

নম্বর ঃ ০৮.০১.০০০০.০১১.০৮.০০১.১৮

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

সরকারী চাকুরী আইন ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর বিধি ৫১ তে "কোন কর্মচারীর বিরুদ্ধে সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত কোন বিচার বিভাগীয় কার্যক্রম অথবা কোন বিভাগীয় কার্যক্রম চলতে থাকলে উক্ত কার্যক্রমের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ভবিষ্য তহবিলে তার প্রদত্ত চাঁদা ও উক্ত চাাঁদার সুদ ব্যতিত পেনশন বা অন্যান্য অবসর সুবিধা পাবেন না" মর্মে উল্লেখ আছে। সে অনুযায়ী রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব) গণের পিআরএল/পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর ক্ষেত্রে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান রয়েছে কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে কোন তথ্য সংগ্রহ করা হচ্ছেনা মর্মে প্রতীয়মান হচ্ছে। এক্ষেত্রে বিভাগীয় মামলায় জড়িত কর্মকর্তাগণও সহজেই অবমুক্ত হয়ে পিআরএল/পেনশন ও আনুতোষিক সুবিধা ভোগ করছেন।

০২। এমতাবস্থায়, রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) গণের পিআরএল/পেনশন মঞ্জুরীর প্রাক্কালে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ড হতে তথ্য সংগ্রহপূর্বক নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার পিআরএল/পেনশন মঞ্জুরীর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)
ফোন:- ৮৩৯১৬৩৪

নম্বর ঃ ০৮.০১.০০০০.০১১.০৮.০০১.১৮-২০৭(৪)

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,ঢাকা ।
২। মহাপরিচালক, বাংলাদেশ, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা/শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা /শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
৩। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ আইসিডি, কমলাপুর/ পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/রংপুর/যশোর/ খুলনা/(আপীল)কমিশনারেট, ঢাকা-১/২/চট্টগ্রাম/খুলনা/বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম/শুল্ক, মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা (পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। শুল্ক ও ভ্যাট অনুবিভাগের সকল প্রথম সচিব/দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৪)/(শুল্ক ও ভ্যাট প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে**

১। সদস্য (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা ।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১৬/২/২০২১
(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)
ফোন:- ৮৩৯১৬৩৪